

💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ পালনকালে যেসব ক্ষেত্রে নারী, পুরুষ থেকে ভিন্ন রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

নারীর তালবিয়া পাঠ

তালবিয়া হজ্জের স্লোগান। নারী-পুরুষ সকলের ক্ষেত্রেই তালবিয়া পাঠের গুরুত্ব সমান। পার্থক্য এতটুকু যে নারী পুরুষের মত উচ্চস্বরে তালবিয়া পড়বে না। নিজে শুনতে পারে ও পাশে-থাকা সঙ্গিনী শুনতে পারে এতটুকু উচ্চারণে নারী তালবিয়া পাঠ করবে। প্রখ্যাত তাবেয়ি আতা বলেন, 'পুরুষ স্বর উঁচু করে তালবিয়া পড়বে। তবে নারী শুধু নিজেকেই শোনাবে এবং আওয়াজ উঁচু করবে না। ইবনে আব্বাস (রাঃ) বলেন, নারীরা স্বর উচ্চ করে তালবিয়া পাঠ করবে না।[1]

ফুটনোট

[1] -সাঈদ আব্দুল কাদের : প্রাগুক্ত , পৃ:৮৭

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3557

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন